

ইবিতে জুনিয়রের কানের পর্দা ফাটালেন সিনিয়র

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ১৮:০৪, ২৭ নভেম্বর ২০২৩



ইসলামী বিশ্ববিদ্যালয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ‘দ্রুত গতিতে বাইক চালানোর’ কারণে জুনিয়রকে থাপ্পড় দিবে কানের পর্দা ফাটানোর অভিযোগ উঠেছে সিনিয়রের বিরুদ্ধে। অভিযুক্ত মিনহাজুল হক রুম লোকপ্রশাসন বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

UNIBOTS



এ ঘটনায় গত শনিবার বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও ছাত্র উপদেষ্টা বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী আইন বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এনামুল হক। সোমবার (২৭ নভেম্বর) প্রক্টর অধ্যাপক শাহাদৎ হোসেন আজাদ অভিযোগপত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করেন।

অভিযোগ সূত্রে জানা যায়, গত ১৮ নভেম্বর রাত ৭টার দিকে মোটরসাইকেল চালিয়ে জিঃ মোড় এলাকা দিয়ে যাওয়ার সময় লোকপ্রশাসন বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের মিনহাজুল হক রুমেন নেশাগ্রস্ত অবস্থায় কয়েকজন সহযোগী নিয়ে পেছন থেকে এসে তার ওপর হামলা করে

এতে ভুক্তভোগীর বাম কানে আঘাত লাগে। পরবর্তী সময়ে কুষ্টিয়ায় নাক, কান ও গল বিশেষজ্ঞকে দেখালে তিনি কানের পর্দা ফেটে গেছে বলে জানান। অভিযোগপত্রে ভুক্তভোগী বিচার ও ক্ষতিপূরণ দাবি করেন।

ভুক্তভোগী সূত্রে জানা যায়, ঘটনার পর তার বাবার উপস্থিতিতে উভয় পক্ষের মাঝে প্রাথমিক মীমাংসা করে দেন শাখা ছাত্রলীগের সভাপতি ফয়সাল সিদ্দিকী আরাফাত। কিন্তু কানের পর্দা ফাটার বিষয়টি জানার পর লিখিত অভিযোগ করেন ভুক্তভোগী।

অভিযোগের বিষয়ে মিনহাজুল হক রুমেন বলেন, ‘ওই ছেলে অনিয়ন্ত্রিতভাবে বাইক চালাচ্ছিল কয়েকজন সিনিয়র তাকে ডেকে বুঝানোর পর যাওয়ার সময় আবারও সে একই কাজ করে তখন আমি গিয়ে ওকে কাঁধে হাত রেখে বুঝিয়েছি। মারধরের কোনো ঘটনা ঘটেনি। তখন বিষয়টি আরাফাত ভাইয়ের মাধ্যমে মীমাংসা হয়ে গিয়েছিল। এখন এটাকে আবারো নতুন করে ইস্যু বানানো হচ্ছে।’

এ বিষয়ে প্রক্টর অধ্যাপক শাহাদৎ হোসেন আজাদ বলেন, ‘আমরা অভিযোগ পেয়েছি। দ্রুত মিটিং করে ব্যবস্থা নেব।’